যুগান্তর

তারিখ 24 AUG 2017
পৃঃ 2 কলাম

# ঢামেকের অধ্যক্ষ নিয়োগ নিয়ে জটিলতা

**যুগান্তর রিপোর্ট**

ঢাকা মেডিকেল কলেজের (ঢামেক) অধ্যক্ষ নিয়োগ নিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে জটিলতার সৃষ্টি হয়েছে। অধ্যক্ষ নিয়োগের আদেশ দেয়া হয়েছে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ থেকে। কিন্তু স্বাস্থ্যসেবা বিভাগ বলছে, এটা তাদের (স্বাস্থ্যসেবা) এখতিয়ার। এ নিয়ে মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের মধ্যে নানা ধরনের গুঞ্জন শুরু হয়েছে।

জানা গেছে, ১২ জুন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ থেকে ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ হিসেবে মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. খান আবুল কালাম আজাদকে নিয়োগ দেয়া হয়। মন্ত্রণালয়ের কিছু কর্মকর্তা মনে করছেন, এ নিয়োগের এখতিয়ার স্বাস্থ্যসেবা বিভাগের। তারা জানান, মন্ত্রণালয়ের কাজের সুবিধার্থে ১৬ মার্চ মন্ত্রণালয়কে দুই ভাগে ভাগ করে গেজেট জারি করা হয়। গেজেটে দুই বিভাগের কাজ সুনির্দিষ্ট করা হয়েছে। গেজেটের ১৮নং ধারায় বলা হয়েছে, বিসিএস স্বাস্থ্য ক্যাডার কর্মকর্তাদের নিয়োগ, বদলি, পাদায়ন স্বাস্থ্যসেবা বিভাগ করে থাকবে।

এ প্রসঙ্গে জানতে চাইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব সিরাজুল ইসলাম যুগান্তরকে বলেন, মন্ত্রণালয় বিভক্তির আগে থেকেই তিনি সচিবের দায়িত্ব পালন করছেন। তার তত্ত্বাবধানেই মন্ত্রণালয় বিভক্ত হয়েছে।

তিনি বলেন, 'অ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী মেডিকেল কলেজ, নার্সিং ইন্সটিটিউট, মেডিকেল ট্রেনিং ইন্সটিটিউট ইত্যাদি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাভুক্ত। এ নিয়োগে জটিলতার কিছু নেই। বদলি, পদায়ন ইত্যাদি না থাকলে ইট-কাঠ-পাথর নিয়ে তো কাজ চলতে পারে না। এখন কেউ যদি এটা নিয়ে জোরাজুরি করে তাহলে তো আমার কিছু বলার বা করার নেই। তাছাড়া এই নিয়োগ স্বাস্থ্যমন্ত্রীর নির্দেশেই প্রদান করা হয়েছে।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর